



বাংলাদেশমাদ্রাসাশিক্ষাবোর্ড,ঢাকা

২ অরফ্যানেজরোড, বকশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd E-mail: info@bmeb.gov.bd Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৮/ ১৬১০

তারিখ: ০৫ আষাঢ় ১৪২৯
১৯ জুন ২০২২

বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন মরুয়াদাহ এইচ এম কে দাখিল মাদ্রাসার ভারপ্রাপ্ত সুপার জনাব মো: চাঁদ মিয়া কর্তৃক ম্যানেজিং কমিটির বিরুদ্ধে অভিযোগ দাখিল করা হয়েছে। অভিযোগ পর্যালোচনায় দেখা যায় মাদ্রাসার অফিস সহকারী জনাব মো: গোলাম ফারুক গোপনে ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে কৌশলে রেজুলেশন তৈরি করে সকল সদস্যদের স্বাক্ষর জালিয়াতি ও প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ও সীল স্ক্যান করে নিজের আপন ভাইকে সভাপতি নির্বাচন করেছেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগকৃত ম্যানেজিং কমিটি নির্বাচনে নিয়োগপ্রাপ্ত (প্রযোজ্য ক্ষেত্রে) প্রিজাইডিং অফিসারকে তদন্ত কর্মকর্তা হিসাবে অন্তর্ভুক্ত ব্যতিরেকে অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৮/

তারিখ: আষাঢ় ১৪২৯
জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, গাইবান্ধা;
২. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৪. মো: চাঁদ মিয়া, ভারপ্রাপ্ত সুপার (অভিযোগকারী), সুন্দরগঞ্জ, গাইবান্ধা
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, মরুয়াদাহ এইচ এম কে দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৭. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি।

মোঃ ওমর ফারুক
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

বিসমিল্লাহির রাহমানির রাহিম

মক্কায়াদহ এইচ.এম. কে দাখিল মাদরাসা

ডাকঘরঃ শোভাগঞ্জ, উপজেলাঃ সুন্দরগঞ্জ, জেলাঃ গাইবান্ধা

স্থাপিতঃ ১৯৬৪ইং

মাদরাসা কোড-১৪২২৬

EIN No-১২১৭০৭



প্রতিষ্ঠান কোড-৫১৭০৭০১৬

তারিখঃ

বরাবর,

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড,

ঢাকা।

বিষয়ঃ জালিয়াতি করে কমিটি গঠন প্রসঙ্গে।

জনাব,

আমরা নিম্নস্বাক্ষরকারী বিনয়ের সঙ্গে জানাচ্ছি যে, মক্কায়াদহ এইচ.এম. কে দাখিল মাদরাসা এর নব গঠিত ম্যানেজিং কমিটির সদস্য ও শিক্ষক। গত ৩০/১২/২০২১ খ্রি. তারিখে অত্র মাদরাসার ম্যানেজিং কমিটি গঠনের জন্য প্রিজাইডিং অফিসার কর্তৃক তফসিল ঘোষণা করা হয়। তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র গ্রহণ ও বিতরণ করা হয়। বিধি অনুযায়ী প্রিজাইডিং অফিসার মনোনয়ন পত্র যাচাই-বাচাই, বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ ও চূড়ান্ত প্রতিবেদন প্রকাশ করেন। চূড়ান্ত প্রতিবেদনের পরবর্তী সময়ে নির্বাচিত কমিটির সদস্য গণের উপস্থিতিতে সভাপতি হিসেবে (অভিভাবক সদস্য) জনাব মোঃ বাবনু মিয়াকে সভাপতি ঘোষণা করা হয়। পরবর্তীতে কার্যক্রম সম্পন্ন করার জন্য প্রতিষ্ঠান প্রধানকে দায়িত্ব দেয়া হয়। কিন্তু প্রতিষ্ঠান প্রধান অসুস্থ থাকায় প্রতিষ্ঠানের অফিস সহকারী মো. গৌলাম ফারুককে বাংলাদেশ মাদরাসা বোর্ড, ঢাকায় অনলাইনে কাগজপত্র পাঠানোর দায়িত্ব দেয়া হয় কিন্তু অফিস সহকারী সুকৌশলে আলাদা রেজুলেশন তৈরী করে সকল সদস্যের স্বাক্ষর জালিয়াতি ও প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর ও সিল স্ক্যান করে নিজের ভাই জনাব মোঃ গৌলাম রক্বানী (দাতা সদস্য) কে সভাপতি হিসেবে দেখিয়ে পোপনে কাগজপত্র বোর্ডে দাখিল করেন। অফিস সহকারীকে প্রতিষ্ঠান প্রধান কাগজ পাঠানোর কথা বললে তিনি মঞ্জুরী নেই মর্মে কাল কেপন করেন। পরবর্তী সময়ে চাপ প্রয়োগ করলে অফিস সহকারী কাগজপত্র পুনরায় ২১/০৩/২০২২ইং তারিখে দাখিল করেন। কিন্তু ইতোমধ্যে পোপনে পাঠানো কমিটি বোর্ড কর্তৃক অনুমোদন হয়। বর্তমানে এ নিয়ে প্রতিষ্ঠানে বিশৃঙ্খলা সৃষ্টি হয়েছে, এবং এলাকায় ধর্মতর্মে অবস্থা বিরাজ করছে।

এমতাবস্থায় আপনার নিকট আকুল প্রার্থনা প্রতিষ্ঠানের স্বার্থে অনুমোদিত কমিটি বাতিল করে পুনরায় ২১/০৩/২০২২ইং তারিখে প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ম্যানেজিং কমিটি অনুমোদন করার জন্য অনুরোধ করা হলো।

নিবেদক-

(মোঃ চাঁদ মিয়া)

সুপার (ভারপ্রাপ্ত)

মক্কায়াদহ এইচ.এম.কে দাখিল মাদ্রাসা

সুন্দরগঞ্জ, গাইবান্ধা।

মোবাইল নং-০১৭৩৮৫৯৬২০০

মোঃ চাঁদ মিয়া

সুপার (ভারপ্রাপ্ত)

মক্কায়াদহ এইচ.এম.কে দাখিল মাদ্রাসা

সুন্দরগঞ্জ, গাইবান্ধা

মোবাইল নং ০১৭৩৮৫৯৬২০০